গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

এবং

মন্ত্রিপরিষদ সচিব-এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

জুলাই ১, ২০১৫ - জুন ৩০, ২০১৬



মুদ্রণ তারিখ: সোমবার, অক্টোবর ০৫, ২০১৫

## সূচিপত্র

মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিকচিত্র ........................................................................ ৩

প্রস্তাবনা ........................................................................................................................ ৪

সেকশন ১: মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি ................ ৫

সেকশন ২: মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact) ..................................... ৬

সেকশন ৩: কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ ...................................... ৭

সংযোজনী ১: শব্দসংক্ষেপ (Acronyms) ........................................................................................ ১৬

সংযোজনী ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপ পদ্ধতি ....................................... ১৭

সংযোজনী ৩: কর্মসম্পাদন লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের উপর নির্ভরশীলতা ............................. ২২

## মন্ত্রণালয়/বিভাগের কর্মসম্পাদনের সার্বিক চিত্র
## (Overview of the Performance of the Ministry/Division)

**সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা**

**সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ:** স্বাধীন ও সার্বভৌম বাংলাদেশের জন্য একটি সমন্বিত, কার্যকর ও বেগবান পররাষ্ট্রনীতি পরিচালনার মাধ্যম আন্তর্জাতিক বিশ্বে বাংলাদেশকে একটি প্রতিশ্রুতিশীল এবং দায়িত্বশীল রাষ্ট্র হিসাবে প্রতিষ্ঠার লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় কাজ করে যাচ্ছে। সাম্প্রতিককালে এই মন্ত্রণালয় দ্বিপাক্ষিক কূটনৈতিক প্রচেষ্টা এবং আন্তর্জাতিক আইনের সফল প্রয়োগের মাধ্যমে ভারতের সাথে স্থলসীমা নির্ধারণ এবং ভারত ও মিয়ানমারের সাথে সমুদ্রসীমা সংক্রান্ত বিরোধ নিষ্পত্তিতে সক্ষম হয়েছে। অন্যদিকে, বহুপাক্ষিক কূটনৈতিক তৎপরতায় জাতিসঙ্ঘের শান্তিরক্ষী মিশনে সেনা এবং পুলিশ সদস্য প্রেরণ, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং অভিবাসন বিষয়ে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় সফলতার সাথে অংশ নিয়ে বিশ্বশান্তি প্রতিষ্ঠায় লক্ষণীয় ভূমিকা পালনসহ আন্তর্জাতিক পার্লামেন্টারি ইউনিয়ন (IPU), কমনওয়েলথ পার্লামেন্টারি অ্যাসোসিয়েশন (CPA) ছাড়াও জাতিসঙ্ঘ এবং জাতিসঙ্ঘের বিভিন্ন অংগসংগঠনসমূহের বিভিন্ন প্রতিদ্বন্দ্বিতামূলক নির্বাচনে বাংলাদেশ জয়লাভ করেছে। পাশাপাশি, যুদ্ধাপরাধীদের বিচার, অভিবাসন, পোশাক শিল্প শ্রম সহ গুরুত্বপূর্ণ বিষয়াদিতে সাফল্যের সাথে বিশ্বব্যাপী জনমত গঠন এবং এ বিষয়ে সংঘটিত নেতিবাচক অপপ্রচারের বিরুদ্ধে যথোপযুক্ত ব্যবস্থা গ্রহণ করেছে। অধিকন্তু, বিদেশস্থ প্রায় সকল মিশনে এমআরপি (মেশিন রিডেবল পাসপোর্ট) এবং উল্লেখযোগ্য সংখ্যক মিশনে এমআরভি (মেশিন রিডেবল ভিসা) সুবিধা চালু করে প্রবাসী বাংলাদেশীসহ বাংলাদেশে গমনেচ্ছু বিদেশীদের এতদসংক্রান্ত সেবায় আমূল পরিবর্তন আনতে সক্ষম হয়েছে।

**সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ:** পররাষ্ট্র মন্ত্রণালয়ের অপ্রতুল জনবল ও সাংগঠনিক কাঠামো এবং বিদেশে সংঘটিত অপ্রত্যাশিত, আকস্মিক ও অদৃষ্টপূর্ব পরিস্থিতি মোকাবেলা এবং এ ধরনের পরিস্থিতিতে প্রবাসী বাংলাদেশীদের নিরাপদ প্রত্যাবাসনের জন্য অর্থ ও আনুষঙ্গিক সাহায্যের অপর্যাপ্ততা এ মন্ত্রণালয়ের অন্যতম চ্যালেঞ্জ।

**ভবিষ্যৎ পরিকল্পনা**: ভারত, মার্কিন যুক্তরাষ্ট্র, প্রজাতন্ত্রী চীন, সৌদি আরব ও জিসিসিভুক্ত দেশসমূহ, যুক্তরাজ্য, জাপান, মালয়েশিয়া এবং অন্যান্য যেসকল দেশের সঙ্গে বাংলাদেশের রাজনৈতিক, অর্থনৈতিক, বিনিয়োগ, পরিবেশ এবং অভিবাসন সংক্রান্ত বিষয়াদি নিয়ে গভীর সম্পর্ক রয়েছে তাদের সঙ্গে বিরাজমান দ্বিপাক্ষিক সম্পর্কের উন্নয়নের লক্ষ্যে চুক্তি সম্পাদন এবং কাঠামোগত বিনিয়োগ বৃদ্ধি করা। একই সঙ্গে এ সকল দেশে বাংলাদেশের রাজনৈতিক, অর্থনৈতিক, বিনিয়োগ, পরিবেশ এবং অভিবাসন সংক্রান্ত বিষয়াদি নিয়ে গবেষণাধর্মী সেমিনার এবং আলোচনা অনুষ্ঠান সম্পন্ন করা। জাতিসংঘ, আন্তর্জাতিক মুদ্রা তহবিল, বিশ্বব্যাংক, ইসলামী উন্নয়ন ব্যাংক, বিশ্ব বাণিজ্য সংস্থা, আন্তর্জাতিক অভিবাসন সংস্থা এবং নতুন ও পুরাতন আন্তর্জাতিক ও বহুজাতিক সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগ এবং সক্ষমতা প্রবাহের বৃদ্ধি ঘটানো। প্রসিদ্ধ আন্তর্জাতিক ও বহুজাতিক সংস্থাসমূহের সঙ্গে দেশের বিভিন্ন সরকারী এবং বাণিজ্যিক সংস্থার সম্পর্ক স্থাপন। সার্ক, বিমসটেক, বিসিআইএম, আইওআর-এআরসি, আসিয়ান রিজিওনাল ফোরাম, সাংগ্রিলা ডায়ালগসহ নতুন ও পুরাতন আঞ্চলিক ও কৌশলগত সংস্থাসমূহের সঙ্গে যোগাযোগ এবং সক্ষমতা বৃদ্ধি করা। এ সকল প্রতিষ্ঠানের সদস্যরাষ্ট্রের বিভিন্ন সরকারী এবং বাণিজ্যিক সংস্থার সাথে সম্পর্ক স্থাপন। বিদেশস্থ সকল মিশনে এমআরপি এবং এমআরভি পদ্ধতি বাস্তবায়ন । বিদেশসহ সকল মিশনে ওয়েবভিত্তিক রেজিস্ট্রেশনসহ কনস্যুলার এবং অন্যান্য সেবা প্রদান করা।

**২০১৫-১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ:**

- বিদেশস্থ সকল বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) প্রদান কার্যক্রম চালু;
- বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ থেকে প্রবাসী বাংলাদেশীদেরকে পাসপোর্ট প্রদানের সময়সীমা ৪২ দিনে হ্রাস করা;
- ভারতের সাথে অমীমাংসিত সীমানা চিহ্নিতকরণ এবং ছিটমহল বিনিময় সম্পাদন;
- পার্শ্ববর্তী দেশসমূহের সাথে আন্তঃদেশীয় সংযোগ স্থাপন সংক্রান্ত আলোচনায় অগ্রগতি;
- আফ্রিকা মহাদেশে বাংলাদেশের কূটনৈতিক উপস্থিতি অধিক জোরদার ও দৃশ্যমান করার নিমিত্ত ইথিওপিয়া ও নাইজেরিয়াতে বাংলাদেশ দূতাবাস স্থাপন;

## উপক্রমণিকা (Preamble)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পররাষ্ট্র মন্ত্রণালয়-এর দায়িত্বে নিয়োজিত মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ-এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ০৫ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হলেন:

## সেকশন ১

## মন্ত্রণালয়/বিভাগের রূপকল্প (Vision), অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

**১.১ রূপকল্প (Vision):**

আন্তর্জাতিক পরিমন্ডলে জাতীয় স্বার্থ সংরক্ষণ এবং দেশের ভাবমূর্তি সমুন্নতকরণ

**১.২ অভিলক্ষ্য (Mission)**

উপযোগিতাভিত্তিক পররাষ্ট্রনীতিকে সামনে রেখে একটি দক্ষ ও পরিমার্জিত কূটনৈতিক সার্ভিস গড়ে তোলার মাধ্যমে বিবর্তনশীল আন্তর্জাতিক প্রেক্ষাপটে উদীয়মান, আত্মবিশ্বাসী এবং দায়িত্বশীল একটি রাষ্ট্র হিসাবে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ এবং বর্ধন (enhancement)

**১.৩ কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives)**

**১.৩.১ মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. বহুপাক্ষিক ও আঞ্চলিক ফোরামে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ
২. সুদক্ষ কনস্যুলার পরিসেবা প্রদান
৩. দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণ
৪. বাংলাদেশের পণ্য এবং শ্রমবাজার সম্প্রসারণে সহায়তা (facilitation)
৫. আঞ্চলিক এবং বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে বাংলাদেশের পররাষ্ট্রনীতির যথোপযুক্ত উপযোজন
৬. জলবায়ু পরিবর্তন, অভিবাসন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয়, নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ নিশ্চিতকরণ
৭. অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনার ক্ষেত্র প্রস্তুতকরণ ও আলোচনায় সহায়তা প্রদান।

**১.৩.২ আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ**

১. দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন
২. উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন
৩. দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন
৪. তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন
৫. আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন

**১.৪ কার্যাবলি (Functions)**

১. সকল রাষ্ট্র, বিশেষত প্রতিবেশী রাষ্ট্রসমূহের সঙ্গে দ্বিপাক্ষিক স্বার্থ-সংশ্লিষ্ট রাজনৈতিক এবং কূটনৈতিক সম্পর্ক সংরক্ষণ ও উন্নয়ন
২. জাতিসংঘসহ আন্তর্জাতিক ও আঞ্চলিক সংস্থাসমূহ এবং অন্যান্য রাষ্ট্রের সাথে সমন্বয়ের লক্ষ্যে নিয়মিত যোগাযোগ, আলোচনা ও সংলাপে অংশগ্রহণ এবং সমঝোতা স্মারক ও চুক্তি সম্পাদন
৩. আন্তর্জাতিক পরিমণ্ডলে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ এবং বিভিন্ন আন্তর্জাতিক ও আঞ্চলিক কাঠামোর অংশ হিসেবে চলমান বিশ্বশান্তি, নিরাপত্তা এবং টেকসই উন্নয়ন বিষয়ে সক্রিয় এবং নেতৃত্বশীল ভূমিকা পালন
৪. কূটনৈতিক এবং কনস্যুলার প্রতিনিধিত্বের মাধ্যমে প্রবাসীগণকে বিভিন্ন কনস্যুলার এবং কল্যাণমূলক সেবা প্রদান
৫. বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের পরিচালনা এবং ব্যবস্থাপনা
৬. বৈদেশিক সম্পর্ক সংশ্লিষ্ট যেকোন বিষয়/ইস্যুতে সরকারের অন্যান্য মন্ত্রণালয় /বিভাগের সঙ্গে সমন্বয় সাধন
৭. অন্যান্য মন্ত্রণালয়ের প্রাসঙ্গিক লক্ষ্যসমূহ বাস্তবায়ন প্রক্রিয়াকে সহজীকরণ
৮. মহামান্য রাষ্ট্রপতি এবং মাননীয় প্রধানমন্ত্রীর সকল পররাষ্ট্র সফর আয়োজন এবং বিদেশী রাষ্ট্র এবং সরকার প্রধানগণের বাংলাদেশ সফর আয়োজন

## সেকশন ২

## মন্ত্রণালয়/বিভাগের বিভিন্ন কার্যক্রমের চূড়ান্ত ফলাফল/প্রভাব (Outcome/Impact)

| চূড়ান্ত ফলাফল/প্রভাব | চূড়ান্ত ফলাফল সূচক | একক | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-২০১৬ | প্রক্ষেপণ | | নির্ধারিত লক্ষ্যমাত্রা অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়িত্বপ্রাপ্ত মন্ত্রণালয়/বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসূত্র |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-২০১৭ | ২০১৭-২০১৮ | | |
| বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে মেশিন রিডেবল পাসপোর্ট (MRP) প্রদান | MRP কার্যক্রম চালুকৃত মিশন | সংখ্যা | ৫৪ | ৬৩ | ৬৭ | ৬৯ | ৭০ | পাসপোর্ট অধিদপ্তর ও স্বরাষ্ট্র মন্ত্রণালয় | মিশন ও মন্ত্রণালয়ের প্রকাশিত রিপোর্ট |
| বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ থেকে প্রবাসী বাংলাদেশীদেরকে পাসপোর্ট প্রদান গতিশীল | MRP প্রদানের সময় | দিন | ৫৫ | ৪৫ | ৪২ | ৪০ | ৩৫ | পাসপোর্ট অধিদপ্তর | মিশন ও মন্ত্রণালয়ের প্রকাশিত রিপোর্ট |
| প্রবাসী বাংলাদেশীদের কনস্যুলার পরিসেবা প্রদানের সময় হ্রাস/ দক্ষতা বৃদ্ধি | মিশনসমূহে কনস্যুলার পরিসেবা প্রদানে ব্যয়িত সময় | দিন | ১২ | ৭ | ৬ | ৫ | ৪ | স্বরাষ্ট্র মন্ত্রণালয় ও প্রবাসী কল্যাণ মন্ত্রণালয় | মিশন ও মন্ত্রণালয়ের প্রকাশিত রিপোর্ট |
| মন্ত্রণালয়ে সুদক্ষভাবে কনস্যুলার পরিসেবা প্রদানের সময় হ্রাস/ দক্ষতা বৃদ্ধি | মন্ত্রনালয়ে কনস্যুলার পরিসেবা প্রদানে ব্যয়িত সময় | দিন | ১০ | ৫ | ৪ | ৩ | ৩ | - | মন্ত্রণালয়ের প্রকাশিত রিপোর্ট |
| ভারতের সাথে অমীমাংসিত সীমানা চিহ্নিত | স্বাক্ষরকৃত স্ক্রিপ্ট | সংখ্যা | | | ২০ | ২৭ | ৩১ | স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ভূমি মন্ত্রণালয় এবং ভূমি রেকর্ড ও জরিপ অধিদপ্তর | মিশন ও মন্ত্রণালয়ের প্রকাশিত রিপোর্ট |
| বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে মেশিন রিডেবল ভিসা (MRV) প্রদান কার্যক্রম চালু | MRV কার্যক্রম চালুকৃত মিশন | সংখ্যা | ০ | ২২ | ২৫ | ৩৫ | ৪০ | পাসপোর্ট অধিদপ্তর | মিশন ও মন্ত্রণালয়ের প্রকাশিত রিপোর্ট |

*সাময়িক (provisional) তথ্য

## সেকশন ৩

## কৌশলগত উদ্দেশ্য, অগ্রাধিকার, কার্যক্রম, কর্মসম্পাদন সূচক এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] বহুপাক্ষিক ও আঞ্চলিক ফোরামে বাংলাদেশের স্বার্থ সংরক্ষণ | ২১ | [১.১] বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার এ অংশগ্রহণ | [১.১.১] অংশগ্রহণকৃত কনফারেন্স/সেমিনার | সংখ্যা | ৬.০০ | ৫০ | ৫২ | ৫৭ | ৫৫ | ৫৪ | ৫৩ | ৫২ | ৬৫ | ৭০ |
| | | [১.২] জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার নির্বাচনে অংশগ্রহণ | [১.২.১] অংশগ্রহণকৃত নির্বাচন | সংখ্যা | ৩.৬০ | ৬ | ৫ | ৬ | ৫ | ৫ | ৫ | ৫ | ৬ | ৭ |
| | | [১.৩] ঢাকায় বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার আয়োজন | [১.৩.১] আয়োজিত কনফারেন্স/সেমিনার | সংখ্যা | ২.৪০ | ৩ | ৪ | ৪ | ৩ | ৩ | ৩ | ৩ | ৪ | ৪ |
| | | [১.৪] আঞ্চলিক যোগাযোগ প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন আঞ্চলিক সভা/সেমিনার ইত্যাদিতে অংশগ্রহণ | [১.৪.১] অংশগ্রহণকৃত আঞ্চলিক সভা/সেমিনার | সংখ্যা | ৬.০০ | ৪ | ৫ | ৬ | ৫ | ৫ | ৫ | ৫ | ৬ | ৭ |
| | | [১.৫] বিভিন্ন আঞ্চলিক বিষয়ে সভা/সেমিনার ইত্যাদি আয়োজন | [১.৫.১] আয়োজিত সভা/সেমিনার | সংখ্যা | ৩.০০ | ২ | ৩ | ৪ | ৩ | ৩ | ৩ | ৩ | ৫ | ৫ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] সুদক্ষ কনস্যুলার পরিসেবা প্রদান | ২০ | [২.১] বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান কার্যক্রম চালু করা | [২.১.১] কার্যক্রম চালুকৃত মিশন | সংখ্যা | ৩.০০ | ৫৪ | ৬৩ | ৬৭ | ৬৬ | ৬৫ | ৬৪ | ৬৩ | ৬৯ | ৭০ |
| | | [২.২] বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল ভিসা প্রদান কার্যক্রম চালু করা | [২.২.১] কার্যক্রম চালুকৃত মিশন | সংখ্যা | ৩.০০ | ০ | ২২ | ২৬ | ২৫ | ২৪ | ২৩ | ২২ | ৩০ | ৩৫ |
| | | [২.৩] বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদের মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান কার্যক্রম আরো গতিশীল করা | [২.৩.১] প্রদত্ত মেশিন রিডেবল পাসপোর্টের সংখ্যা | মিলিয়ন | ৩.০০ | ১ | ১.৭৯ | ১.৭৫ | ১.৭০ | ১.৬৫ | ১.৬০ | ১.৫৫ | ১.৭০ | ১.৭০ |
| | | [২.৪] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদেরকে সুদক্ষভাবে পাসপোর্ট প্রদান | [২.৪.১] মেশিন রিডেবল পাসপোর্ট প্রদানকাল | দিন | ২.০০ | ৫৫ | ৪৫ | ৪২ | ৪৩ | ৪৪ | ৪৫ | | ৪০ | ৩৫ |
| | | [২.৫] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদেরকে সুদক্ষভাবে কনস্যুলার পরিসেবা প্রদান | [২.৫.১] কনস্যুলার সেবা প্রদানকাল | দিন | ৩.০০ | ১২ | ৭ | ৪ | ৫ | ৬ | ৭ | ৮ | ৪ | ৩ |
| | | [২.৬] ঢাকাস্থ পররাষ্ট্র মন্ত্রণালয় হতে সুদক্ষভাবে কনস্যুলার সেবা প্রদানকাল | [২.৬.১] কন্স্যুলার সেবা প্রদানকাল | দিন | ৩.০০ | ১০ | ৫ | ৪ | ৫ | | | | ৩ | ২ |
| | | [২.৭] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে বিদেশী নাগরিকদের ভিসা প্রদান | [২.৭.১] বিদেশী নাগরিকদের প্রদত্ত ভিসার সংখ্যা | হাজার | ২.০০ | ৩১০ | ৩৫০ | ৪৩০ | ৪১০ | ৪০০ | ৩৯০ | ৩৫০ | ৪০০ | ৪৫০ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| | | [২.৮] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদের জন্মনিবন্ধন কার্যক্রম সম্পাদন করা | [২.৮.১] সম্পাদিত জন্মনিবন্ধনের সংখ্যা | হাজার | ১.০০ | ৫.০০ | ৬.৫০ | ৭.০০ | ৬.৯০ | ৬.৮০ | ৬.৭০ | ৬.৫০ | ৭.০০ | ৮.০০ |
| [৩] দ্বিপাক্ষিক সম্পর্ক সুসংহতকরণ | ১৯ | [৩.১] ফরেন অফিস কন্সাল্টেশন (FOC) | [৩.১.১] অনুষ্ঠিত ফরেন অফিস কন্সাল্টেশন (FOC) | সংখ্যা | ৪.০০ | ৩ | ৫ | ৯ | ৮ | ৭ | ৬ | ৫ | ৯ | ১০ |
| | | [৩.২] মন্ত্রী পর্যায়ের বৈঠক আয়োজন | [৩.২.১] আয়োজিত বৈঠক | সংখ্যা | ৪.০০ | ৬ | ৭ | ১২ | ১০ | ৯ | ৮ | ৭ | ১২ | ১৩ |
| | | [৩.৩] দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর | [৩.৩.১] স্বাক্ষরিত চুক্তি | সংখ্যা | ৩.০০ | ৪ | ১৮ | ২২ | ২১ | ২০ | ১৯ | ১৮ | ২৩ | ২৪ |
| | | [৩.৪] দ্বিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষর | [৩.৪.১] স্বাক্ষরিত সমঝোতা স্মারক | সংখ্যা | ২.০০ | ৫ | ৬ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |
| | | [৩.৫] বিদেশী সরকার ও রাষ্ট্র প্রধানের বাংলাদেশ সফর আয়োজন | [৩.৫.১] আয়োজিত সফর | সংখ্যা | ২.০০ | ২ | ৩ | ৪ | ৩ | | | | ৪ | ৪ |
| | | [৩.৬] মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর রাষ্ট্রীয় সফর আয়োজন | [৩.৬.১] আয়োজিত সফর | সংখ্যা | ৪.০০ | ১৫ | ৬ | ৬ | ৫ | ৪ | | | ১২ | ১২ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] বাংলাদেশের পণ্য এবং শ্রমবাজার সম্প্রসারণে সহায়তা (facilitation) | ১০ | [৪.১] বিদেশে বাণিজ্যমেলা আয়োজনে সহযোগিতা করা | [৪.১.১] আয়োজিত বাণিজ্য মেলা | সংখ্যা | ৩.০০ | ৭ | ৮ | ১০ | ৯ | ৮ | ৭ | ৬ | ১১ | ১২ |
| | | [৪.২] সংশ্লিষ্ট দেশের বাণিজ্যিক চেম্বার নেতৃবৃন্দের সঙ্গে অনুষ্ঠিত সভা | [৪.২.১] সভার সংখ্যা | সংখ্যা | ১.০০ | ৮ | ১০ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১৩ | ১৪ |
| | | [৪.৩] বাংলাদেশের পণ্যসম্ভার নিয়ে প্রকাশনা | [৪.৩.১] প্রকাশিত পণ্য সম্ভার | সংখ্যা | ২.০০ | ৩ | ৪ | ৫ | ৪ | ৩ | | | ৬ | ৭ |
| | | [৪.৪] শ্রমবাজার সম্প্রসারণ সংক্রান্ত জটিলতা নিরসনে সংশ্লিষ্ট দেশের সরকারি এবং বেসরকারি নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা সভা | [৪.৪.১] সভার সংখ্যা | সংখ্যা | ৩.০০ | ০ | ১০ | ১২ | ১১ | ১০ | ৯ | ৮ | ১৪ | ১৬ |
| | | [৪.৫] শ্রমবাজার সম্প্রসারণের নিমিত্ত ফ্যাক্ট ফাইন্ডিং মিশন প্রেরণ | [৪.৫.১] প্রেরিত ফ্যাক্ট ফাইন্ডিং টিমের সংখ্যা | সংখ্যা | ১.০০ | ০ | ৪ | ৬ | ৫ | ৪ | | | ৭ | ৮ |
| [৫] আঞ্চলিক এবং বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে বাংলাদেশের পররাষ্ট্রনীতির যথোপযুক্ত উপযোজন | ৫ | [৫.১] আলোচনা, সেমিনার এবং কর্মশালায় অংশগ্রহণ | [৫.১.১] অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালা | সংখ্যা | ২.৫০ | ২ | ৪ | ৬ | ৫ | ৪ | | | ৬ | ৭ |
| | | [৫.২] সহযোগিতা চুক্তি স্বাক্ষর | [৫.২.১] স্বাক্ষরিত চুক্তি | সংখ্যা | ২.৫০ | ২ | ৪ | ৬ | ৫ | ৪ | | | ৭ | ৮ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| মন্ত্রণালয়/ বিভাগের কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৬] জলবায়ু পরিবর্তন, অভিবাসন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয়, নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ নিশ্চিতকরণ | ৫ | [৬.১] আলোচনা, সেমিনার এবং কর্মশালায় অংশগ্রহণ | [৬.১.১] অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালা | সংখ্যা | ২.৫০ | ২ | ৪ | ৬ | ৫ | ৪ | ৪ | ৪ | ৭ | ৮ |
| | | [৬.২] আউটকাম ডকুমেন্ট প্রস্তুতে সক্রিয়, নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ (ইন্টারভেনশন) | [৬.২.১] প্রস্তুতকৃত আউটকাম ডকুমেন্ট | সংখ্যা | ২.৫০ | ৩ | ৪ | ৭ | ৬ | ৫ | ৪ | ৩ | ৮ | ৯ |
| [৭] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনার ক্ষেত্র প্রস্তুতকরণ ও আলোচনায় সহায়তা প্রদান। | ৩ | [৭.১] অর্থনৈতিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর | [৭.১.১] স্বাক্ষরিত চুক্তি | সংখ্যা | ১.৫০ | ২ | ৪ | ৬ | ৫ | ৫ | ৪ | ৩ | ৬ | ৭ |
| | | [৭.২] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ | [৭.২.১] অংশগ্রহণকৃত আলোচনা | সংখ্যা | ১.৫০ | ৮ | ১০ | ১১ | ১০ | ৯ | ৮ | ৭ | ১২ | ১৪ |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [১] দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৫ | [১.১] খসড়া বার্ষিক কর্মসম্পাদন চুক্তি দাখিল | [১.১.১] প্রশিক্ষণ সমাপ্তির পর নির্ধারিত সময়সীমার মধ্যে খসড়া চুক্তি দাখিলকৃত | দিন | ১.০০ | | | ৫ | ৬ | ৭ | ৮ | ৯ | | |
| | | [১.২] বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মূল্যায়ন প্রতিবেদন দাখিল | [১.২.১] নির্ধারিত তারিখে মূল্যায়ন প্রতিবেদন দাখিলকৃত | তারিখ | ১.০০ | | | ৩১-০৮-২০১৫ | ০১-০৯-২০১৫ | ০২-০৯-২০১৫ | ০৩-০৯-২০১৫ | ০৪-০৯-২০১৫ | | |
| | | [১.৩] বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | [১.৩.১] দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | | | | |
| | | [১.৪] আওতাধীন সংস্থার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | [১.৪.১] সমঝোতা স্মারক স্বাক্ষরিত | তারিখ | ১.০০ | | | ১৫-১০-২০১৫ | ১৯-১০-২০১৫ | ২২-১০-২০১৫ | ২৬-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | | |
| | | [১.৫] বার্ষিক কর্মসম্পাদন-এর সঙ্গে সংশ্লিষ্ট কর্মকর্তাদের প্রণোদনা প্রদান | [১.৫.১] বৈদেশিক প্রশিক্ষণে প্রেরিত কর্মকর্তা | সংখ্যা | ১.০০ | | | ৩ | ২ | ১ | | | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [২] উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | [২.১] পরিবর্তিত ফরম্যাটে সিটিজেন্স চার্টার প্রণয়ন | [২.১.১] পরিবর্তিত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগের সিটিজেন্স চার্টার ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | | [২.১.২] অধিদপ্তর/সংস্থার সিটিজেন্স চার্টার প্রণীত ও প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | [২.২] অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | [২.২.১] নিষ্পত্তিকৃত অভিযোগ | % | ১.০০ | | | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ | | |
| | | [২.৩] সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | [২.৩.১] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [২.৩.২] মন্ত্রণালয়/বিভাগে কমপক্ষে একটি করে সেবা প্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| [৩] দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | [৩.১] জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | [৩.১.১] শুদ্ধাচার বাস্তবায়ন পরিবীক্ষণ কাঠামো (monitoring framework) প্রণীত | তারিখ | ১.০০ | | | ৩০-১১-২০১৫ | ০৭-১২-২০১৫ | ১৪-১২-২০১৫ | ২১-১২-২০১৫ | ২৮-১২-২০১৫ | | |
| | | | [৩.১.২] জুন/২০১৬ এর মধ্যে শুদ্ধাচার কর্মপরিকল্পনার বাস্তবায়িত কার্যক্রম | % | ১.০০ | | | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ | | |
| | | [৩.২] কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | [৩.২.১] প্রশিক্ষণের সময় | জনঘণ্টা | ১.০০ | | | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ | | |

| কৌশলগত উদ্দেশ্য | কৌশলগত উদ্দেশ্যের মান | কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | কর্মসম্পাদন সূচকের মান | ভিত্তি বছর ২০১৩-২০১৪ | প্রকৃত অর্জন* ২০১৪-২০১৫ | লক্ষ্যমাত্রা/নির্ণায়ক ২০১৫-২০১৬ | | | | | প্রক্ষেপন ২০১৬-২০১৭ | প্রক্ষেপন ২০১৭-২০১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারণ | অতি উত্তম | উত্তম | চলতি মান | চলতি মানের নিম্নে | | |
| | | | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% | | |
| আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ | | | | | | | | | | | | | | |
| [৪] তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | [৪.১] তথ্য প্রকাশ নির্দেশিকা প্রণয়ন | [৪.১.১] তথ্য প্রকাশ নির্দেশিকা ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ১.০০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.২] আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | [৪.২.১] আওতাধীন সকল দপ্তরের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সঙ্কলন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ২৯-১০-২০১৫ | ০৫-১১-২০১৫ | ১২-১১-২০১৫ | ১৯-১১-২০১৫ | ২৬-১১-২০১৫ | | |
| | | [৪.৩] মন্ত্রণালয়/বিভাগের বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | [৪.৩.১] বার্ষিক প্রতিবেদন ওয়েবসাইটে প্রকাশিত | তারিখ | ০.৫০ | | | ১৫-১০-২০১৫ | ২৯-১০-২০১৫ | ১৫-১১-২০১৫ | ৩০-১১-২০১৫ | ১৫-১২-২০১৫ | | |
| [৫] আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | [৫.১] বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | [৫.১.১] বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন দাখিলকৃত | সংখ্যা | ১.০০ | | | ৫ | ৪ | ৩ | ২ | ১ | | |
| | | [৫.২] অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | [৫.২.১] বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১.০০ | | | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ | | |

*সাময়িক (provisional) তথ্য

আমি, সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়, মাননীয় মন্ত্রী, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর প্রতিনিধি হিসাবে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি মন্ত্রিপরিষদ সচিবের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, মন্ত্রিপরিষদ সচিব, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসাবে সচিব, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

05/10/2015

সচিব
পররাষ্ট্র মন্ত্রণালয়

তারিখ

০৫/১০/২০১৫

মন্ত্রিপরিষদ সচিব
মন্ত্রিপরিষদ বিভাগ

তারিখ

**সংযোজনী-১**

## শব্দসংক্ষেপ (Acronyms)

| ক্রমিক নম্বর | শব্দসংক্ষেপ (Acronyms) | বিবরণ |
|---|---|---|
| ১ | CPA | Commonwealth Parliamentary Association |
| ২ | IPU | International Parliamentary Union |
| ৩ | MRP | Machine Readable Passport |
| ৪ | MRV | Machine Readable Visa |
| ৫ | FOC | Foreign Office Consultation |
| ৬ | MOU | Memorandum of Understanding |
| ৭ | SAARC | South Asian Association for Regional Cooperation |
| ৮ | BIMSTEC | Bay of Bengal Initiative for Multi-Sectoral Technical and Economic Cooperation |
| ৯ | BCIM | Bangladesh–China–India–Myanmar Forum for Regional Cooperation |
| ১০ | GCC | Gulf Cooperation Council |
| ১১ | IOR-ARC | Indian Ocean Rim Initiative and Indian Ocean Rim Association for Regional Cooperation |
| ১২ | ASEAN | Association of Southeast Asian Nations |
| ১৩ | ICAO | International Civil Aviation Organization |

## সংযোজনী- ২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী মন্ত্রণালয়/বিভাগ/সংস্থা এবং পরিমাপ পদ্ধতি-এর বিবরণ

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.১] বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার এ অংশগ্রহণ | [১.১.১] অংশগ্রহণকৃত কনফারেন্স/সেমিনার | বহুপাক্ষিক কনফারেন্স বা সেমিনারে বৈশ্বিকভাবে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয় যেখানে সকল দেশ আলোচ্য বিষয়ে তার অবস্থান তুলে ধরে। জাতীয় স্বার্থ সুরক্ষায় এসব বহুপাক্ষিক কনফারেন্স বা সেমিনারে অংশগ্রহণ গুরুত্বপূর্ণ। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং কনফারেন্স/সেমিনার এর বিষয় সংশ্লিষ্ট মন্ত্রনালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.২] জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার নির্বাচনে অংশগ্রহণ | [১.২.১] অংশগ্রহণকৃত নির্বাচন | নির্বাচনের মাধ্যমে জাতিসংঘ এবং বিভিন্ন আন্তর্জাতিক সংস্থার নির্বাহী সদস্য নির্বাচিত হন। বাংলাদেশ বর্তমানে এইসব নির্বাচনে ব্যাপকভাবে অংশগ্রহণ করছে এবং ভবিষ্যতেও এইসব নির্বাচনে জয়লাভ করে দেশের উজ্জ্বল ভাবমূর্তি বিশ্ব দরবারে তুলে ধরতে সচেষ্ট হবে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৩] ঢাকায় বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার আয়োজন | [১.৩.১] আয়োজিত কনফারেন্স/সেমিনার | দেশের উজ্জ্বল ভাবমূর্তি বিশ্ব দরবারে তুলে ধরার ক্ষেত্রে ঢাকায় আয়োজিত এইসব বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। বাংলাদেশ মধ্যম মাত্রার এই রকম বহুপাক্ষিক কনফারেন্স/সেমিনার আয়োজনে তার সক্ষমতা বৃদ্ধির জন্য কাজ করে আসছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং কনফারেন্স/সেমিনার এর বিষয় সংশ্লিষ্ট মন্ত্রনালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৪] আঞ্চলিক যোগাযোগ প্রতিষ্ঠার লক্ষ্যে বিভিন্ন আঞ্চলিক সভা/সেমিনার ইত্যাদিতে অংশগ্রহণ | [১.৪.১] অংশগ্রহণকৃত আঞ্চলিক সভা/সেমিনার | আঞ্চলিক সভা বা সেমিনারে আঞ্চলিকভাবে বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে আলোচনা হয় যেখানে অন্যান্য দেশ আলোচ্য বিষয়ে তার অবস্থান তুলে ধরে। জাতীয় স্বার্থ সুরক্ষায় এসব আঞ্চলিক সভা বা সেমিনারে অংশগ্রহণ অত্যন্ত গুরুত্বপূর্ণ। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [১.৫] বিভিন্ন আঞ্চলিক বিষয়ে সভা/সেমিনার ইত্যাদি আয়োজন | [১.৫.১] আয়োজিত সভা/সেমিনার | সার্ক, বিমসটেক, বিসিআইএম এ বাংলাদেশের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন ইস্যু সংস্থাগুলির মূল কার্যক্রমে অন্তর্ভুক্ত করার লক্ষ্যে বিভিন্ন সভা, সেমিনার আয়োজন করা প্রয়োজন। উক্ত আঞ্চলিক সহযোগিতার ক্ষেত্র (বাংলাদেশ, ভারত, ভুটান এবং নেপাল এর মধ্যে বিদ্যুৎ ও পানির ক্ষেত্রে সমন্বিত উদ্যোগ) উন্মোচনের প্রয়াসেও বিভিন্ন সভা/সেমিনার আয়োজন করা যেতে পারে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.১] বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান কার্যক্রম চালু করা | [২.১.১] কার্যক্রম চালুকৃত মিশন | ICAO এর নির্দেশনা অনুযায়ী সকল দেশ স্ব স্ব নাগরিকদের এমআরপি পাসপোর্ট প্রদান কার্যক্রম সম্পন্ন করতে সচেষ্ট কেননা ২৯ নভেম্বর ২০১৫ তারিখের পর আর কোনো নাগরিক এমআরপি পাসপোর্ট ছাড়া বিমান ভ্রমণে অনুমতিপ্রাপ্ত হবেন না এবং সকল হাতে লেখা পাসপোর্ট অপ্রচলিত হয়ে যাবে। এই প্রেক্ষিতে বাংলাদেশ সরকার বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে এমআরপি পাসপোর্ট প্রদান কার্যক্রম চালু করতে দৃঢ়সংকল্পবদ্ধ। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.২] বাংলাদেশ মিশনে মেশিন রিডেবল ভিসা প্রদান কার্যক্রম চালু করা | [২.২.১] কার্যক্রম চালুকৃত মিশন | ICAO এর নির্দেশনা অনুযায়ী সকল দেশ এমআরভি কার্যক্রম চালু করতে বাধ্য। এই প্রেক্ষিতে বাংলাদেশ সরকার বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহে এমআরভি প্রদান কার্যক্রম চালু করতে দৃঢ়সংকল্পবদ্ধ। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [২.৩] বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদের মেশিন রিডেবল পাসপোর্ট প্রদান কার্যক্রম আরো গতিশীল করা | [২.৩.১] প্রদত্ত মেশিন রিডেবল পাসপোর্টের সংখ্যা | ICAO এর নির্দেশনা অনুযায়ী বাংলাদেশ সরকার বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের মাধ্যমে সকল প্রবাসী বাংলাদেশীকে এমআরপি পাসপোর্ট প্রদানে সচেষ্ট। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৪] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদেরকে সুদক্ষভাবে পাসপোর্ট প্রদান | [২.৪.১] মেশিন রিডেবল পাসপোর্ট প্রদানকাল | বর্তমানে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে একজন প্রবাসী বাংলাদেশীকে এমআরপি পাসপোর্ট প্রদান করতে প্রায় দুই মাস লেগে যায়। পররাষ্ট্র মন্ত্রণালয় এই এমআরপি প্রক্রিয়াকরণের দক্ষতাবৃদ্ধির মাধ্যমে পাসপোর্ট প্রদানকাল ৬ সপ্তাহে নামিয়ে আনার জন্য কাজ করে যাচ্ছে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় এবং পাসপোর্ট অধিদপ্তর | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৫] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদেরকে সুদক্ষভাবে কনস্যুলার পরিসেবা প্রদান | [২.৫.১] কনস্যুলার সেবা প্রদানকাল | বর্তমানে বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে কতিপয় কন্স্যুলার সেবা তথা পুলিশ ক্লিয়ারেন্স ও পাওয়ার অব অ্যাটর্নি বিষয়ক সেবা প্রদান করতে প্রায় দুই সপ্তাহ লেগে যায়। পররাষ্ট্র মন্ত্রণালয় কন্স্যুলার সেবা প্রদান বিষয়ক এই কার্যক্রমের দক্ষতাবৃদ্ধির মাধ্যমে সেবা প্রদানকাল ৩ দিনে নামিয়ে আনার জন্য কাজ করে যাচ্ছে | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৬] ঢাকাস্থ পররাষ্ট্র মন্ত্রণালয় হতে সুদক্ষভাবে কনস্যুলার সেবা প্রদানকাল | [২.৬.১] কন্স্যুলার সেবা প্রদানকাল | বর্তমানে পররাষ্ট্র মন্ত্রণালয় হতে কতিপয় কন্স্যুলার সেবা তথা পুলিশ ক্লিয়ারেন্স ও পাওয়ার অব অ্যাটর্নি বিষয়ক সেবা প্রদান করতে প্রায় দুই সপ্তাহ লেগে যায়। পররাষ্ট্র মন্ত্রণালয় কন্স্যুলার সেবা প্রদান বিষয়ক এই কার্যক্রমের দক্ষতাবৃদ্ধির মাধ্যমে সেবা প্রদানকাল ৩ দিনে নামিয়ে আনার জন্য কাজ করে যাচ্ছে। | পররাষ্ট্র মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৭] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে বিদেশী নাগরিকদের ভিসা প্রদান | [২.৭.১] বিদেশী নাগরিকদের প্রদত্ত ভিসার সংখ্যা | বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ বাংলাদেশে ভ্রমণেচ্ছু বিদেশী নাগরিকদের ভিসা প্রদান করে থাকে। ভিসা প্রদান কার্যক্রমকে মেশিন রিডেবল করার মাধ্যমে প্রক্রিয়াটিকে অধিকতর দক্ষ করতে হবে। যেসব দেশে নাগরিকদের ভিসা প্রদানের ক্ষেত্রে বাংলাদেশের জাতীয় নিরাপত্তার বিষয়টি জড়িত সেসব দেশে অবস্থিত বাংলাদেশ মিশনসমূহ (ইসলামাবাদ, করাচি ইত্যাদি) প্রাপ্ত ভিসা আবেদনপত্র নিরাপত্তা ভেটিং এর জন্য স্বরাষ্ট্র মন্ত্রণালয়ে প্রেরণ করে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, এবং স্বরাষ্ট্র মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [২.৮] বিদেশস্থ বাংলাদেশ মিশন হতে প্রবাসী বাংলাদেশীদের জন্মনিবন্ধন কার্যক্রম সম্পাদন করা | [২.৮.১] সম্পাদিত জন্মনিবন্ধনের সংখ্যা | মেশিন রিডেবল পাসপোর্ট ইস্যু করার ক্ষেত্রে যেসব আবেদনকারীর জন্মনিবন্ধন সনদ থাকে না, তাদের জন্মনিবন্ধন কার্যক্রম মিশনসমূহ হতে সম্পাদন করা হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.১] ফরেন অফিস কন্সাল্টেশন (FOC) | [৩.১.১] অনুষ্ঠিত ফরেন অফিস কন্সাল্টেশন (FOC) | ফরেন অফিস কন্সাল্টেশন (FOC) কূটনীতির আধুনিকতম ধারণা। বর্তমানে অধিকাংশ উন্নত দেশ পররাষ্ট্র মন্ত্রী কিংবা পররাষ্ট্র সচিব পর্যায়ে FOC এর মাধ্যমে বিভিন্ন গুরুত্বপূর্ণ দ্বিপাক্ষিক বিষয় নিয়ে আলোচনায় অংশগ্রহণ করেন এবং বিভিন্ন দিক পরীক্ষা-নিরীক্ষা ও বিশ্লেষণপূর্বক চুক্তি কিংবা সমঝোতা স্মারক স্বাক্ষরের প্রয়াস নেন। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৩.২] মন্ত্রী পর্যায়ের বৈঠক আয়োজন | [৩.২.১] আয়োজিত বৈঠক | মন্ত্রী পর্যায়ের বৈঠক দ্বিপাক্ষিক সম্পর্ক জোরদারকরণে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৩] দ্বিপাক্ষিক চুক্তি স্বাক্ষর | [৩.৩.১] স্বাক্ষরিত চুক্তি | যে কোনো সফল কূটনৈতিক নিগোসিয়েশনের চূড়ান্ত ফলাফল হচ্ছে চুক্তি সম্পাদন। চুক্তি স্বাক্ষরের মাধ্যমে একটি দেশ নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট কিছু লক্ষ্য পূরণে অঙ্গীকার আবদ্ধ হয় যার কারণে ঐ দেশটি আন্তর্জাতিক আইনে দায়বদ্ধ থাকে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রনালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৪] দ্বিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষর | [৩.৪.১] স্বাক্ষরিত সমঝোতা স্মারক | যে কোনো সফল কূটনৈতিক নিগোসিয়েশনের চূড়ান্ত ফলাফল হচ্ছে সমঝোতা স্মারক সম্পাদন। সমঝোতা স্মারক স্বাক্ষরের মাধ্যমে একটি দেশ নির্ধারিত সময়ের মধ্যে নির্দিষ্ট কিছু লক্ষ্য পূরণে অঙ্গীকার আবদ্ধ হয় যার কারণে ঐ দেশটি আন্তর্জাতিক আইনে দায়বদ্ধ থাকে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং সমঝোতা স্মারকের বিষয় সংশ্লিষ্ট মন্ত্রনালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৫] বিদেশী সরকার ও রাষ্ট্র প্রধানের বাংলাদেশ সফর আয়োজন | [৩.৫.১] আয়োজিত সফর | কোনো রাষ্ট্রপ্রধান কিংবা সরকারপ্রধান পর্যায়ের সফরকে ভিভিআইপি সফর হিসেবে চিহ্নিত হয়। দুইটি দেশের মধ্যকার দীর্ঘদিনের পরম বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, সদ্ভাব ও পারস্পরিক সহযোগিতার চূড়ান্ত নিদর্শণ হচ্ছে ভিভিআইপি সফর যার মাধ্যমে দুইটি দেশ দ্বিপাক্ষিক সম্পর্ককে উচ্চতর পর্যায়ে নিয়ে যেতে সচেষ্ট হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৩.৬] মহামান্য রাষ্ট্রপতি ও মাননীয় প্রধানমন্ত্রীর রাষ্ট্রীয় সফর আয়োজন | [৩.৬.১] আয়োজিত সফর | কোনো রাষ্ট্রপ্রধান কিংবা সরকারপ্রধান পর্যায়ের সফরকে ভিভিআইপি সফর হিসেবে চিহ্নিত হয়। দুইটি দেশের মধ্যকার দীর্ঘদিনের পরম বন্ধুত্বপূর্ণ সম্পর্ক, সদ্ভাব ও পারস্পরিক সহযোগিতার চূড়ান্ত নিদর্শণ হচ্ছে ভিভিআইপি সফর যার মাধ্যমে দুইটি দেশ দ্বিপাক্ষিক সম্পর্ককে উচ্চতর পর্যায়ে নিয়ে যেতে সচেষ্ট হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.১] বিদেশে বাণিজ্যমেলা আয়োজনে সহযোগিতা করা | [৪.১.১] আয়োজিত বাণিজ্য মেলা | বাংলাদেশী পণ্যের বাজার সম্প্রসারণ এবং নতুন বাজার অনুসন্ধানের উদ্দেশ্যে বিভিন্ন দেশে বাণিজ্য মেলার আয়োজন করা হয় যা বাংলাদেশী পণ্যের বাজার সম্প্রসারণের পাশাপাশি বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করতে উল্লেখযোগ্য ভূমিকা পালন করে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানী উন্নয়ন ব্যুরো | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.২] সংশ্লিষ্ট দেশের বাণিজ্যিক চেম্বার নেতৃবৃন্দের সঙ্গে অনুষ্ঠিত সভা | [৪.২.১] সভার সংখ্যা | বাংলাদেশের সাথে সংশ্লিষ্ট দেশের বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধিতে স্বাগতিক দেশের সরকারি কর্মকর্তা এবং শিল্প ও বণিক সমিতির নেতৃবৃন্দের সঙ্গে সভা আয়োজন করা হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৩] বাংলাদেশের পণ্যসম্ভার নিয়ে প্রকাশনা | [৪.৩.১] প্রকাশিত পণ্য সম্ভার | বাংলাদেশের রপ্তানীযোগ্য পণ্যসম্ভার নিয়ে প্রকাশনার দায়িত্ব রপ্তানী উন্নয়ন ব্যুরোর। রপ্তানী উন্নয়ন ব্যুরো সকল সম্পন্ন প্রকাশনা ছাপিয়ে সময়মত মিশনগুলিতে প্রেরণ করলে মিশনগুলির পক্ষে বাংলাদেশের পণ্যসামগ্রী নিয়ে প্রচারণা চালানো সহজতর হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয়, বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ, বাণিজ্য মন্ত্রণালয়, রপ্তানী উন্নয়ন ব্যুরো | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৪.৪] শ্রমবাজার সম্প্রসারণ সংক্রান্ত জটিলতা নিরসনে সংশ্লিষ্ট দেশের সরকারি এবং বেসরকারি নেতৃবৃন্দের সঙ্গে আলোচনা সভা | [৪.৪.১] সভার সংখ্যা | শ্রম বাজার সম্প্রসারণ সংক্রান্ত জটিলতা নিরসনে স্বাগতিক দেশের সংশ্লিষ্ট সরকারী নেতৃবৃন্দ এবং মন্ত্রীপর্যায়ে আলোচনা জনশক্তি রপ্তানীর পথ সুগম করতে গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। | পররাষ্ট্র মন্ত্রণালয়, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |
| [৪.৫] শ্রমবাজার সম্প্রসারণের নিমিত্ত ফ্যাক্ট ফাইন্ডিং মিশন প্রেরণ | [৪.৫.১] প্রেরিত ফ্যাক্ট ফাইন্ডিং টিমের সংখ্যা | যেসব দেশে বাংলাদেশের মিশন নেই, সেসব দেশে বাংলাদেশী পণ্যের এবং জনশক্তি রপ্তানীর জন্য সম্ভাবনাময় নতুন বাজার অণুসন্ধানের উদ্দেশ্যে ফ্যাক্ট ফাইন্ডিং টীম প্রেরণ করা হয় যাতে করে প্রেরিত টীম স্বাগতিক দেশের সংশ্লিষ্ট উর্দ্ধতন কর্তৃপক্ষ এবং জনশক্তি আমদানীকারক কোম্পানীগুলোর সাথে আলোচনার মাধ্যমে বাংলাদেশী পণ্যের এবং জনশক্তি রপ্তানীর পথ সুগম করতে সচেষ্ট হয়। | পররাষ্ট্র মন্ত্রণালয় | ফ্যাক্ট ফাইন্ডিং টীম কর্তৃক উপস্থাপিত প্রতিবেদন | |
| [৫.১] আলোচনা, সেমিনার এবং কর্মশালায় অংশগ্রহণ | [৫.১.১] অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালা | আঞ্চলিক এবং বৈশ্বিক পরিবর্তনের প্রেক্ষাপটে বাংলাদেশের পররাষ্ট্রনীতির যথোপযুক্ত উপযোজনের লক্ষ্যে সমসাময়িক বিষয়ের ওপর বিভিন্ন দেশে আয়োজিত আলোচনা, সেমিনার এবং কর্মশালায় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা অংশগ্রহণ করে থাকেন। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত-প্রস্তাব | |
| [৫.২] সহযোগিতা চুক্তি স্বাক্ষর | [৫.২.১] স্বাক্ষরিত চুক্তি | পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সহায়তায় বিভিন্ন দেশের সংগে সহযোগিতা চুক্তি/সমঝোতা স্মারক স্বাক্ষর করে থাকে। এক্ষেত্রে উক্ত চুক্তি/সমঝোতা স্মারকের বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করে থাকে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | স্বাক্ষরিত চুক্তির অনুলিপি | |
| [৬.১] আলোচনা, সেমিনার এবং কর্মশালায় অংশগ্রহণ | [৬.১.১] অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালা | জলবায়ু পরিবর্তন, অভিবাসন, টেকসই উন্নয়ন লক্ষ্যমাত্রা এবং বিভিন্ন বৈশ্বিক ইস্যুতে চলমান আন্তর্জাতিক প্রক্রিয়ায় বাংলাদেশের সক্রিয়, নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ নিশ্চিতকরণের লক্ষ্যে আয়োজিত আলোচনা, সেমিনার এবং কর্মশালায় বিভিন্ন পর্যায়ের কর্মকর্তারা অংশগ্রহণ করে থাকেন। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবংবিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | অংশগ্রহণকৃত আলোচনা, সেমিনার এবং কর্মশালার আলোচ্যসূচী ও সিদ্ধান্ত-প্রস্তাব | |
| [৬.২] আউটকাম ডকুমেন্ট প্রস্তুতে সক্রিয়, নেতৃত্বশীল এবং সফল অংশগ্রহণ (ইন্টারভেনশন) | [৬.২.১] প্রস্তুতকৃত আউটকাম ডকুমেন্ট | বিভিন্ন বহুপাক্ষিক সভা/সেমিনারে অংশগ্রহণ করা পররাষ্ট্র মন্ত্রণালয়ের প্রতিনিধিদের কার্যকর অংশগ্রহণ (ইন্টারভেনশন) সংশ্লিষ্ট বিষয়ে বাংলাদেশের অবস্থান তুলে ধরা এবং আউটকাম ডকুমেন্টে বাংলাদেশের অবস্থানের প্রতিফলন নিশ্চিত করার লক্ষ্যে কর্মকর্তারা কাজ করে থাকেন। | পররাষ্ট্র মন্ত্রণালয় | প্রস্তুতকৃত আউটকাম ডকুমেন্টের অনুলিপি | |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্ত সূত্র | সাধারণ মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [৭.১] অর্থনৈতিক সহযোগিতা চুক্তি স্বাক্ষর | [৭.১.১] স্বাক্ষরিত চুক্তি | অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত দ্বিপাক্ষিক ও বহুপাক্ষিক আলোচনার ক্ষেত্র প্রস্তুতকরণ ও আলোচনায় সহায়তা প্রদানের লক্ষ্যে পররাষ্ট্র মন্ত্রণালয় বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহের সহায়তায় বিভিন্ন দেশের সংগে সহযোগিতা স্বাক্ষর করে থাকে। এক্ষেত্রে উক্ত চুক্তির বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করে থাকে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | স্বাক্ষরিত চুক্তির অনুলিপি | |
| [৭.২] অর্থনৈতিক সহযোগিতা সংক্রান্ত আলোচনায় অংশগ্রহণ | [৭.২.১] অংশগ্রহণকৃত আলোচনা | বাংলাদেশের উন্নয়ন সহযোগী দেশগুলোর সাথে উন্নয়ন সহযোগিতা (Aid, Grant, Soft Loan ইত্যাদি) বিষয়ক আলোচনা বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ আয়োজন করে থাকে। এসব আলোচনা প্রসঙ্গে বিষয় সংশ্লিষ্ট মন্ত্রণালয় প্রয়োজনীয় তথ্য-উপাত্ত দিয়ে সহযোগিতা করে থাকে। | পররাষ্ট্র মন্ত্রণালয় এবং বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ | পররাষ্ট্র মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন | |

## সংযোজনী ৩: অন্যান্য মন্ত্রণালয়/বিভাগের/অধিদপ্তর/সংস্থা-এর নিকট প্রত্যাশিত সুনির্দিষ্ট কর্মসম্পাদন সহায়তাসমূহ

| প্রতিষ্ঠানের ধরণ | প্রতিষ্ঠানের নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত প্রতিষ্ঠানের নিকট সংশ্লিষ্ট মন্ত্রণালয়/বিভাগের প্রত্যাশিত সহায়তা | প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত প্রতিষ্ঠানের নিকট প্রত্যাশার মাত্রা উল্লেখ করুন | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয় | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | কার্যক্রম চালুকৃত মিশন,কার্যক্রম চালুকৃত মিশন,প্রদত্ত মেশিন রিডেবল পাসপোর্টের সংখ্যা,বিদেশী নাগরিকদের প্রদত্ত ভিসার সংখ্যা | এমআরপি এবং এমআরভি কার্যক্রম চালু সংক্রান্ত যাবতীয় অবকাঠামোগত এবং কারিগরী সহায়তা প্রদান। বিদেশস্থ বাংলাদেশ মিশনসমূহ হতে প্রেরিত তথ্য যথাযথ প্রক্রিয়ার মাধ্যমে মুদ্রিত করে সকল প্রবাসী বাংলাদেশীদের এমআরপি প্রদান। | MRP সংক্রান্ত তথ্যসমূহ মিশনে ডাটা এন্ট্রি দেওয়ার পর DIP মূল সার্ভারে চলে আসে। DIP থেকে MRP মুদ্রিত হয়ে পররাষ্ট্র মন্ত্রণালয়ে পৌছায়। পাসপোর্ট মুদ্রনের সময় পররাষ্ট্র মন্ত্রণালয়কে সম্পূর্ণভাবে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ওপর নির্ভর করতে হয়। | ৫০% | |
| মন্ত্রণালয় | বাণিজ্য মন্ত্রণালয় | প্রকাশিত পণ্য সম্ভার,আয়োজিত বাণিজ্য মেলা | বাণিজ্য মেলা আয়োজনের মাধ্যমে বাংলাদেশী পণ্যসামগ্রী প্রদর্শন এবং প্রচারণার নিমিত্ত প্রয়োজনীয় নমুনা পণ্যসামগ্রী এবং ক্যাটালগ মিশনসমূহে প্রেরণ | বাণিজ্য মেলা আয়োজনের মাধ্যমে বাংলাদেশী পণ্যসামগ্রী প্রদর্শন এবং প্রচারণার নিমিত্ত প্রয়োজনীয় নমুনা পণ্যসামগ্রী এবং ক্যাটালগ মিশনসমূহে প্রেরণের জন্য রপ্তানী উন্নয়ন ব্যুরো এবং বাণিজ্য মন্ত্রণালয়ের ওপর নির্ভরশীল। | ৭০% | |
| মন্ত্রণালয় | প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় | সভার সংখ্যা,প্রেরিত ফ্যাক্ট ফাইন্ডিং টিমের সংখ্যা | বিদ্যমান শ্রমবাজার সুসংহত করণের পাশাপাশি নতুন শ্রমবাজার অন্বেষণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ। | বিদেশে প্রবাসী বাংলাদেশীদের জন্য কর্মসংস্থান সৃষ্টির দায়িত্ব প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের। | ৫০% | |